



# জনসংযোগ অফিস

## বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস রিলিজ

তারিখঃ ১৭/০৩/২০১৭ খ্রি:

## বঙ্গবন্ধুর জন্মদিন ও জাতীয় শিশু দিবসে বরিশাল বিশ্ববিদ্যালয়ে শিশুযত্ন কেন্দ্রের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু

১৭ মার্চ হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালী স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৯৮ তম জন্মদিন ও জাতীয় শিশু দিবস ২০১৭। দিবসটি উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, ট্রেজারার, বিশ্ববিদ্যালয় প্রশাসনের কর্তব্যাক্তি সহ বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, নীলদল বরিশাল বিশ্ববিদ্যালয়, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স এসোসিয়েশন, সেক্টর কমান্ডারস ফোরাম মুক্তিযুদ্ধ ৭১ ববি শাখা, ৩য় ও ৪র্থ শ্রেণি কর্মচারী কল্যান পরিষদ। বঙ্গবন্ধু তাঁর জীবদ্দশায় শিশুদের অত্যন্ত স্নেহ করতেন এবং বলতেন এরাই বাংলাদেশের ভবিষ্যৎ। জন্মদিনে বঙ্গবন্ধু শিশুদের সান্নিধ্যে কাটাতে পছন্দ করতেন। আর এমনই একটি তাৎপর্যপূর্ণ দিনে বরিশাল বিশ্ববিদ্যালয়ে দেশের ৩৯টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের মধ্যে সর্বপ্রথম স্থাপিত শিশুযত্ন কেন্দ্রের আনুষ্ঠানিক কার্যক্রম শুরু হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত কর্মজীবী নারীদের শিশু সন্তানের সৃষ্টি শারীরিক ও মানসিক বিকাশ লাভ এবং সুরক্ষা নিশ্চিতকরণের লক্ষে সকল প্রতিষ্ঠানে একটি করে শিশুযত্ন কেন্দ্র প্রতিষ্ঠার কথা বলেছিলেন, এরই ধারাবাহিকতায় বরিশাল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক বিশ্ববিদ্যালয়ে কর্মরত নারী শিক্ষক ও কর্মকর্তাদের শিশু সন্তানের সৃষ্টি শারীরিক ও মানসিক বিকাশ লাভের নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন-২ এর ৪র্থ তলায় সদ্য স্থাপিত শিশুযত্ন কেন্দ্রের আনুষ্ঠানিক কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। উদ্বোধন শেষে উপাচার্য মহোদয় বলেন, এ শিশুযত্ন কেন্দ্রে জাতির পিতার ছবি থাকবে, একই সাথে এ কেন্দ্রের যিনি দায়িত্বে থাকবেন তিনি সেখানকার কোমলমতি শিশুদেরকে সিঁড়ির মাধ্যমে প্রতিদিন জাতীয় সংগীত বাজিয়ে শুনাবেন এবং জয় বাংলা স্লোগানটি তাদের কর্ণে পৌঁছানোর ব্যবস্থা করবেন। এ সময় উপস্থিত ছিলেন ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, জীব বিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্থাপন শীর্ষক প্রকল্পের প্রকল্প পরিচালক ড. মো. হুমায়ুন কবীর, প্রক্টর মো. শফিউল আলম, শেখ হাসিনা হলের প্রভোস্ট দিল আফরোজ খানম, শেরে বাংলা হলের প্রভোস্ট আবদুল্লাহ আল মাসুদ, বঙ্গবন্ধু হলের প্রভোস্ট (ভারপ্রাপ্ত) মো. আলমগীর মোল্লা, গণিত বিভাগের চেয়ারম্যান হেনা রাণী বিশ্বাস, ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়সার, মার্কেটিং বিভাগের সহকারী অধ্যাপক ফাতেমা-তুজ-জোহরা, বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানগণ, বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মো: আবু জাফর মিয়া সহ অন্যান্য শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য গত ২৩ ফেব্রুয়ারি ২০১৭ তারিখ মাননীয় উপাচার্য মহোদয়ের সহধর্মিণী জনাব মন্দি ইমাম হক বরিশাল বিশ্ববিদ্যালয় শিশুযত্ন কেন্দ্রের উদ্বোধন করেছিলেন। এরপর দিবসটির তাৎপর্য তুলে ধরে নীল দল বরিশাল বিশ্ববিদ্যালয় ও সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ ৭১ বরিশাল বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি ড. মো. হাসিনুর রহমান সভাপতিত্বে অনুষ্ঠিত এক আলোচনা সভায় প্রধান অতিথি উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক, বিশেষ অতিথি ট্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন। দিবসটি উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয় এবং পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত শিক্ষকবৃন্দের মধ্যে একটি প্রীতি ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

কর্তৃপক্ষের নিদেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি

উপ-পরিচালক (চলতি দায়িত্ব)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

(b.university.pro@gmail.com)